



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়ঃ কনস্ট্রাকশন প্রসেস-১

বিষয় কোডঃ ২৬৪৩৩

উপস্থাপনায়ঃ

মোঃ সাদিকুল ইসলাম

জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল)

রংপুর পলিটেকনিক ইন্সটিটিউট, রংপুর

অধ্যায়-১

নির্মাণ ক্ষেত্রে স্বাস্থ্য এবং নিরাপত্তা

❖ ১.১ ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও নিরাপত্তাঃ

শ্রমিক, কর্মচারী এবং কর্মকর্তাগণ মিলে সুনির্দিষ্ট নিয়ম মেনে বিভিন্ন যন্ত্র ও টুলস ব্যবহার করে কোন বস্তু উৎপাদন বা মেরামত করার প্রতিষ্ঠানকে ওয়ার্কশপ বলে। ওয়ার্কশপ প্রবেশ হতে শুরু করে কাজ শেষ হওয়া পর্যন্ত বেশ কিছু নিয়মাবলি মেনে চলতে হয়। নিরাপদে কাজ করা ও নিরাপত্তা রক্ষায় এসব নিয়মাবলি সতর্কতার মেনে চলা প্রয়োজন। যেমন- কাজের ধরন অনুসারে সঠিক যন্ত্র ও টুলস ব্যবহার করা। অন্যদিকে যেমন- টিলেঢালা পোশাক, মাফলার, টাই ও চাদর পরিধান করে কাজ করা থেকে বিরত থাকা, মেশিন চালু থাকা অবস্থায় অন্যমনস্ক বা মোবাইলে কথা না বলা, নির্মান স্থলের মেঝে তেল, গির্জ বা পিচ্ছল পদার্থ হতে মুক্ত রাখা, কাজ শেষে টুলস ও যন্ত্রপাতি নির্ধারিত স্থানে সঠিক নিয়মে সংরক্ষন করা ইত্যাদি।

❖ চিত্রঃ নির্মাণ সাইট :



❖ ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও নিরাপত্তাঃ

ব্যক্তিগত নিরাপত্তা বলতে নিজের নিরাপত্তাকে বুঝানো হয়েছে। কোন নির্মাণাধীন কাজ চলাকালীন সময়ে বিভিন্ন ধরনের ঝুঁকির সম্ভাবনা থাকে, আর এসব ঝুঁকি কাটিয়ে কাজে অগ্রসর হতে হয়। আর এসব ঝুঁকি কাটিয়ে কাজে অগ্রসর হওয়ার জন্য ব্যক্তিগত নিরাপত্তার প্রয়োজন। ব্যক্তিগত নিরাপত্তা প্রস্তুত বলতে কাজে যোগদানের পূর্বে নিরাপত্তাসামগ্রী পরিধান করতে হবে এবং নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ে অবহিত থাকতে হবে। যে কোন ঝুঁকিপূর্ণ এলাকায় কাজে যোগদানের পূর্বে প্রশিক্ষণ নেওয়া জরুরী। ঝুঁকিপূর্ণ কাজে শুরু করার পূর্বে কাজের ধরন অনুসারে বিভিন্ন ব্যক্তিগত নিরাপত্তাসামগ্রী যেমন-হেলমেট, হ্যান্ড গ্লাভস, সেফটি সু, সেফটি বেল্ট, অ্যাপ্রন, নিরাপদ চশমা ইত্যাদি পরিধান করতে হবে এবং ঝুঁকিপূর্ণ এলাকায় কাজ শুরুর পূর্বে উপরস্থ কর্মকর্তাকে অবহিত করতে হবে। কেননা এতে যে-কোন বিপদের আভাস পেলে উদ্বার কাজ দ্রুত করা সম্ভাব।

❖ প্রকৌশল কাজে ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রীর কিছু ছবি :



❖ নির্মাণ ক্ষেত্রে হেলমেটের কালার কোড অনুশীলন :

ক্রমিক নং	চিত্র	পরিধানকৃত ব্যক্তি	কালার
১।		সাদা রং এর সেফটি হেলমেট সাধারণত শীর্ষস্থানীয় ব্যক্তির ব্যবহার করে। সাধারণত ইঞ্জিনি. ম্যানেজার	সাদা
২।		ইলেকট্রিশিয়ান, টেশনিশিয়ানরা মূলত নীল রং এর হেলমেট পরিধান করে।	নীল
৩।		লাল রং এর হেলমেট সাধারণত অগ্নিনির্বাক কর্মীরা পরিধান করে।	লাল
৪।		কমলা রং এর হেলমেট সাধারণত যার প্যাকিং গাড়ি থেকে মালা উঠানামা তরে তারাই পরিধান করে।	কমলা
৫।		নির্মাণ ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকরা এই ধরনের হেলমেট ব্যবহার করে।	হলুদ